জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়
ঢাকা।
Website:www.janatabank-bd.com

আইসিটিডি-সিস্টেম
ফোন-৯৫৫৩৩৩৬

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর : ৮৪৩/১৮

তারিখঃ ০৯, অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
২৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/ এরিয়া অফিস/ সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ "Janata Bank Assets & Inventory Management System(JBAIMS)" Software ডিভিশনাল অফিস/ এরিয়া অফিস/ শাখাসমূহে বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

Janata Bank Limited এর সকল আইটি Assets এর Inventory Management, সঠিকভাবে আইটেম সরবরাহ, প্রধান কার্যালয় সহ সকল বিভাগীয় কার্যালয়/ এরিয়া/ শাখা সমূহের IT Asset এর ষ্ট্যাটাসের তথ্য এবং IT Asset এর Depreciation নির্ভুল ও দ্রুততার সহিত করা, IT Asset Tracking এবং Warranty এর তথ্য সরবরাহ করার প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে JBAIMS সফটওয়্যারটি নতুন ভাবে আপডেট করা হয়। উক্ত Software এর মাধ্যমে IT Asset এর ষ্ট্যাটাস(Active/ Inactive), বর্তমান Book Value সরাসরি নির্ভুলভাবে ও দ্রুততার সহিত প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় ডাটাবেজে প্রেরণ করা যাবে।
দ্রুত ও সহজে IT Asset এর ষ্ট্যাটাস সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করণের জন্য "Janata Bank Assets & Inventory Management System(JBAIMS)" Software ব্যবহার করতে হবে।
এতদ্বিষয়ে নিম্নরূপ কর্মপদ্ধতি ও নির্দেশনা সতর্কতার সাথে অনুসরনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলোঃ

১। সাধারন নির্দেশনাঃ প্রথমে যে কোন ব্রাউজার (Recommanded, Mozilla Firefox Updated Version) Open করতে হবে। অতঃপর Address Bar এ নিম্নোক্ত URL টাইপ করে এন্টার করতে হবে।

http://115.127.114.85/jbaims/login.php

২। প্রধান কার্যালয় সহ সকল বিভাগীয় কার্যালয়, লোকাল অফিস, জনতা ভবন কর্পোরেট শাখা JBAIMS সফটওয়্যারের নিম্নোক্ত Module সমূহ ব্যবহারের মাধ্যমে অত্র ব্যাংকের সকল IT Asset and Inventory Manage করে থাকে।

২.১। Supplier Information:

জনতা ব্যাংক লিমিটেড যে সকল সাপ্লায়ার/ ভেন্ডরের নিকট হতে Assets & Inventory ক্রয় করে থাকে সে সকল প্রতিষ্ঠানের সকল প্রকার তথ্য এ Module এর মাধ্যমে সংরক্ষন করা হয় এবং প্রয়োজনে ভেন্ডরের লিষ্ট সরবরাহ করা যায়।

২.২। Product information:

Product information Module এ ক্রয়কৃত Assets & Inventory সমূহকে বিভিন্ন সাব-ক্যাটাগরীতে(Product Level, Brand, Model) সংরক্ষন করার ব্যবস্থা রয়েছে। এই Module এ Product wise Depreciation Method, Depreciation Rate সংরক্ষন করা যায়।

২.৩। Product Receiving:

ক্রয়কৃত Assets & Inventory Item সমূহের Detail Information এই Module এর মাধ্যমে এন্ট্রি করা হয়। এন্ট্রি করার ক্ষেত্রে সাপ্লায়ার/ ভেন্ডর কর্তৃক সরবরাহকৃত Assets & Inventory Item সমূহের Delivery Challan হতে Work Order, Challan, Serial No., Purchase Value এবং Purchase Date ইত্যাদি তথ্যাবলী সংরক্ষন করা হয়। এন্ট্রিকৃত ভুল Work Order, Challan এবং Assets & Inventory Item সমূহকে সংশোধন(আপডেট) করা যায়।

২.৪। Product Issue:

JBAIMS সফটওয়্যারে সংরক্ষিত Inventory Item সমূহ প্রধান কার্যালয় সহ সকল বিভাগীয় কার্যালয়/ এরিয়া/ শাখা সমূহ হতে Requisition প্রাপ্তি সাপেক্ষে এই Module এর মাধ্যমে Product Out করা যায়।

২.৫। Asset Manager:

এই Module এর মাধ্যমে IT Asset কে সুষ্ঠু ও সহজ ভাবে Manage করা যায়। যে কোন শাখা/ অফিসের Requisition এর ভিত্তিতে উক্ত শাখা/ অফিসে Asset Transfer করা হয় এবং যে সকল IT Asset এর Book Value ১(এক) টাকা ও ব্যবহারের অনুপযোগী সে সকল Asset কে Write Off করা হয়। এ ছাড়া জনতা ব্যাংকের যে সকল নির্বাহী/ কর্মকর্তা অফিসিয়াল কাজে ব্যক্তিগত নামের বিপরীতে Laptop ব্যবহার করছেন তাদের তথ্য সংরক্ষন এবং চাকুরী শেষে Laptop ব্যবহারের ছাড়পত্র প্রদান করা যায় । সর্বশেষ নতুন ভাবে সংযোজিত Asset Status Entry লিংকটি এ Module এ সংযুক্ত করা হয়েছে যার মাধ্যমে সকল বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/ শাখা সমূহ তাদের স্ব-স্ব Asset এর Status Update করতে পারবে।

২.৬। Advice Receiving:

প্রতিটি শাখা/ অফিস সেন্ট্রাল ষ্টেশনারী দপ্তর(CSD) এর যে সকল Inventory Item ব্যবহার করে সে সকল আইটেমের বিপরীতে CSD, Advice Receive করে থাকে, শাখা/ অফিস সমূহে সরবরাহকৃত Inventory Item এর ইনভয়েস এবং CSD কর্তৃক Advice Receive এর ভিত্তিতে Payment Due List তৈরী করা যায়, যার ফলে সংশ্লিষ্ট বিষয়ে Reconcile করা সহজ হয়।

২.৭। Depreciation:

জনতা ব্যাংকের IT Asset এর Depreciation নির্ভুল ও দ্রুততার সাথে এই Module এর মাধ্যমে নির্ণয় করা যায় এবং প্রয়োজনে পূর্ববর্তী বছরের Depreciation রিপোর্ট সহজে সরবরাহ করা যায়।

৩। প্রধান কার্যালয় সহ সকল বিভাগীয় কার্যালয়/ এরিয়া/ শাখা সমূহে IT Asset Management সংক্রান্ত কার্যক্রম আইসিটিডি-সিস্টেম কর্তৃক উন্নয়নকৃত JBAIMS সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়নের জন্য বিগত ০১/০২/২০১৮ তারিখে মাননীয় সিইও এন্ড এমডি মহোদয় কর্তৃক অনুমোদন প্রদান করা হয়। এতদ্বপ্রেক্ষিতে নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতঃ JBAIMS সফটওয়্যারের মাধ্যমে সকল বিভাগীয় কার্যালয়/ এরিয়া অফিস/ শাখা সমূহ উক্ত IT Asset Status Update করনের কাজ বাস্তবায়ন করবে।

৩.১। **শাখা/ এরিয়া অফিস সমূহের জন্য নির্দেশনাঃ**

৩.১.১। আইডি ও পাসওয়ার্ডঃ

প্রধান কার্যালয় আইসিটিডি-সিস্টেম কর্তৃক সরবরাহকৃত ইউজার আইডি এবং Password দিয়ে লগ-ইন করার পর Password পরিবর্তন করার অপশন পাওয়া যাবে । যাহাতে আইসিটি পলিসি অনুযায়ী Password পরিবর্তন করতে হবে।

৩.১.২। IT Asset এর ষ্ট্যাটাস Entry সংক্রান্ত নির্দেশনাঃ

৩.১.২.১। ইউজার হিসাবে লগ-ইন করার পর শুধু মাত্র ২(দুই) টি মেনু Assets Manager-> Assets Status Entry এবং Reports-> IT Assets Report এ Access পাওয়া যাবে। রিপোর্ট মেনু হতে IT Assets Report ক্লিক করে Transaction From অর্থাৎ Date Range (From Date, To Date) fix up করে Report Link এ ক্লিক করলে সকল Assets এর রিপোর্ট পাওয়া যাবে। যদি রিপোর্ট মোতাবেক IT Asset এর পরিমাণ কম/বেশী পরিলক্ষিত হয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিভিশনাল অফিসের সাথে যোগাযোগ করে নির্ভুল/ সঠিক করে নিতে হবে।

৩.১.২.২। Assets Status Entry Page হতে সকল তথ্য দেখে Current Book Value সংরক্ষিত তথ্য হতে হিসাব করে Fill up করতে হবে। Asset টি যদি Active(ব্যবহারের উপযোগী) হয় শুধু Current Book Value এবং Status

Comments(যদি থাকে) দিয়ে Update করতে হবে। অন্যথায় Inactive হলে, কোন তারিখ হইতে Inactive তাহা যুক্ত করতে হবে এবং এর Comments লিখতে হবে।

এরিয়া ইউজার তাদের অধিনস্থ সকল শাখার Status Monitoring Report(Reports-> Status Monitoring Report)পাবে যাহার মাধ্যমে ষ্ট্যাটাস Entry Complete হয়েছে কিনা এবং কি পরিমান হয়েছে সেটি সহজেই Monitoring করতে পারবে।

৪। ডিভিশনাল অফিসের জন্য নির্দেশনাঃ

ডিভিশনাল ইউজার পূর্বের ন্যায় তাদের আওতাধীন এরিয়া অফিস এবং শাখার জন্য ক্রয়কৃত কম্পিউটার সামগ্রীর তথ্য JBAIMS মাধ্যমে সঠিক ভাবে সংরক্ষন করবে এবং এরিয়া অফিস ও শাখায় সরবরাহকৃত IT Assets (কম্পিউটার সামগ্রী) পরিমাণ নির্ভুল/ সঠিক করার কাজে সহায়তা প্রদান করে Product Wise Status Update করতে নির্দেশনা প্রদান করবে।

সকল ডিভিশনাল অফিস তাদের স্ব-স্ব অফিসের জন্য ব্যবহৃত কম্পিউটার সামগ্রীর Assets Status Entry এর কাজ শাখা/ এরিয়া ইউজারদের মতই সম্পন্ন করবে।

৫। রিপোর্টঃ

Report Menu থেকে প্রয়োজনীয় রিপোর্ট পাওয়া যাবে।

৬। অন্যান্য গুরুত্বপূর্ণ নির্দেশনাঃ

৬.১। অত্র বিজ্ঞপ্তির অনুচ্ছেদ নং ৩.১.২.২ এর নির্দেশনা অনুযায়ী সকল বিভাগীয় কার্যালয়/ এরিয়া অফিস/ শাখাসমূহকে তাদের স্ব-স্ব অফিস/ শাখার জন্য ব্যবহৃত সকল কম্পিউটার সামগ্রীর Current Book Value আগামী ৩০/১০/২০১৮ এর মধ্যে ইনপুট দিতে হবে। উল্লেখিত তারিখের পর সকল কম্পিউটার সামগ্রীর Current Book Value ইনপুট/ এডিট করার কার্যক্রম লক থাকবে। সকল অফিস/ শাখাসমূহে তাদের কম্পিউটার সামগ্রীর Current Book Value ইনপুট/ এডিট করনের কার্যক্রমটি শুধু মাত্র একবারের জন্য করতে হবে(পরবর্তী বছরে করা যাবে না) বিধায় স্ব-স্ব অফিসের কম্পিউটার সামগ্রীর ব্যালেন্স সঠিকভাবে ইনপুট দিতে হবে।

৬.২। বিভাগীয় কার্যালয় কর্তৃক ক্রয়কৃত কম্পিউটার সামগ্রী সঠিক ও নির্ভুলভাবে এন্ট্রি করবে এবং সংশ্লিষ্ট অফিস/ শাখাসমূহে সরবরাহ করতঃ সফটওয়্যারের মাধ্যমে ট্রান্সফার করবে।

৬.৩। এখন থেকে উক্ত সফটওয়্যারের মাধ্যমে কম্পিউটার সামগ্রীর উপর বাৎসরিক Depreciation স্বয়ংক্রিয়ভাবে ভাউচার সহ প্রস্তুত করা হবে যা শাখার স্ব-স্ব ব্যাংকিং এপ্লিকেশন সফটওয়্যারের P/L এ পোষ্টিং করতে হবে । উল্লেখ্য ৩০/১২/২০১৮ তারিখ থেকে ইহা কার্যকর হবে।

এছাড়াও "Janata Bank Assets & Inventory Management System(JBAIMS)" Software ব্যবহারের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের আইসিটি ডিপার্টমেন্ট-সিস্টেম কর্তৃক প্রকাশিত User Manual অনুসরন করতে হবে।

এতদ্বসংক্রান্ত বিষয়ে কোন সহায়তার প্রয়োজন হলে নিম্নোক্ত সেল/ কার্যালয়ের সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	সেল/ কার্যালয়	মন্তব্য
০১	ইনহাউজ সফটওয়্যার ডেভেলপমেন্ট সেল, আইসিটি ডিপার্টমেন্ট-সিস্টেম, প্রধান কার্যালয়, ঢাকা। ফোনঃ ৯৫১৪৩৮১	প্রযুক্তিগত যে কোন সমস্যার সমাধানের জন্য যেমনঃ ইউজার আইডি, সফটওয়্যারে লগইন, ডাটা এন্ট্রি কালে প্রযুক্তিগত সমস্যা ইত্যাদি সমাধানের জন্য।
০২	সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়	প্রযুক্তিগত বিষয় ছাড়া অন্যান্য সমস্যার সমাধানের জন্য- যেমনঃ IT Asset এর পরিমাণ(সংখ্যা), Current Book Value, IT Asset এর ষ্ট্যাটাস Entry ইত্যাদি।

আপনার বিশ্বস্ত,

(মোঃ শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(শেখ মোঃ জামিনুর রহমান)
মহাব্যবস্থাপক